দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 04 AUG 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ......

# নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিপ্লব সাধন করেছে ॥ শিক্ষামন্ত্রী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিপ্লব সাধন করেছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বুধবার দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'ইয়াং চেঞ্জ মেকারস কোয়ালিশন' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এই মন্তব্য করেন। তিনি বলেন, ডাক্তার, ইঞ্জিনিয়ার, গবেষণা, শিক্ষা সবক্ষেত্রে নারীরা এগিয়ে চলছে। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নারীরা ৫১% এবং মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে নারীরা ৫৩%। সরকার প্রতিবন্ধী নারীদের জন্য আলাদা বই ছাপাচ্ছে ও সর্বক্ষেত্রে সমান সুযোগ দিচ্ছে।

সেরাক বাংলাদেশের নির্বাহী পরিচালক এসএম সৈকতের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ, সহকারী সচিব সঞ্জিত কুমার দাস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাছিমা বেগম এনডিসি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সুভাষ চন্দ্র সরকার। শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশের সব থেকে বড় সম্পদ হচ্ছে যুব সম্পদ। তাই বাংলাদেশ সরকার যুব স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলোকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করে আসছে। কারণ এই তরুণরাই ভবিষ্যত বাংলাদেশের ইতিবাচক পরিবর্তন আনবে।